গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.ictd.gov.bd
(সংস্থা-১ শাখা)

নং ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৫.১৬-২৪২

তারিখঃ ২৮ কার্তিক ১৪২৪ / ১২ নভেম্বর ২০১৭

# পরিপত্র

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা/জেলা কার্যালয়ের কর্মসম্পাদন প্রসঙ্গে।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণকে ত্বরান্বিত করতে মাঠ পর্যায়ে সরকারের আইসিটি সংশ্লিষ্ট কার্যক্রম সমন্বয় সাধনের লক্ষ্যে বিগত ৩১ জুলাই ২০১৩ তারিখ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন দপ্তর হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর গঠিত হয়। ই-সরকারের সাথে মাঠ প্রশাসনের নিবিড় সম্পর্কের কারণে আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলার কর্মকান্ড যথাক্রমে জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সম্পৃক্ত বিবেচনা করে এবং ডিজিটাল বাংলাদেশের অগ্রযাত্রা গতিশীল রাখতে আইসিটি অধিদপ্তরের পদ, যানবাহন ও অফিস সরঞ্জামাদি জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের টিওএন্ডই-ভুক্ত করা হয়।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাঠ প্রশাসনের সাথে আইসিটি অধিদপ্তরের কার্যক্রম সুদৃঢ় করতঃ আইসিটি সংক্রান্ত প্রশাসনিক কার্যক্রম বিস্তারের লক্ষ্যে উপজেলা/জেলা আইসিটি শাখা নিম্নোক্তভাবে কর্মসম্পাদন করবে:

ক) উপজেলা নির্বাহী অফিসার স্থানীয় পর্যায়ে উপজেলা আইসিটি অধিদপ্তরের স্থানীয় কর্তৃপক্ষ হিসেবে এবং জেলা প্রশাসক জেলা আইসিটি অধিদপ্তরের স্থানীয় কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন। উপজেলায় কর্মরত আইসিটি অধিদপ্তরের কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের আইসিটি বিষয়ক যাবতীয় কার্যক্রম এবং জেলায় কর্মরত আইসিটি অধিদপ্তরের কর্মকর্তা জেলা প্রশাসকের কার্যালয়ের আইসিটি বিষয়ক যাবতীয় কার্যক্রম সম্পাদন/তদারকি করবেন। এ ব্যাপারে উপজেলা/জেলা প্রশাসনের প্রত্যক্ষ সহযোগিতা/নির্দেশনা/ পরামর্শ গ্রহণ করবেন;

খ) উপজেলা/জেলায় কর্মরত আইসিটি অধিদপ্তরের কর্মকর্তাগণ সরকারি নির্দেশনা বাস্তবায়নে স্থানীয় কর্তৃপক্ষ হিসেবে উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসকদের সাথে সরাসরি কাজ করবেন। জেলা পর্যায়ে দাপ্তরিক কার্যাদি সম্পাদনে প্রোগ্রামারগণ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর মাধ্যমে ক্ষেত্রমতে জেলা প্রশাসক-এর অনুমোদন গ্রহণ করবেন এবং উপজেলা পর্যায়ে সহকারী প্রোগ্রামারগণ উপজেলা নির্বাহী অফিসারের আইনি সিদ্ধান্ত/ অনুমোদন গ্রহণপূর্বক কার্য সম্পাদন করবেন। পত্র যোগাযোগের ক্ষেত্রে স্থানীয় পর্যায়ের কর্মকর্তার মাধ্যমে তদূর্ধ পর্যায়ের কর্মকর্তার সাথে পত্র যোগাযোগ করবেন। এ সোপান অনুসরণ করে অধিদপ্তরের সাথে যোগাযোগ/ সমন্বয় সাধন করবেন;

গ) উপজেলা/জেলার বিভিন্ন দপ্তরে আইসিটি সংক্রান্ত কার্যক্রমে প্রয়োজনীয় সমন্বয়ের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকগণ মূখ্য ভূমিকা পালন করবেন। এ জাতীয় সমন্বয় সংক্রান্ত নথি-পত্রাদি সংশ্লিষ্ট কার্যালয়ের নিয়ন্ত্রনাধীন উপজেলা/জেলা আইসিটি শাখার পরিচয়ে প্রদান করতে হবে। উক্ত আইসিটি শাখার দায়িত্বপ্রাপ্ত হিসেবে সহকারী প্রোগ্রামার/ প্রোগ্রামারগণ উপজেলা/জেলা পরিমন্ডলে নথিতে অনুমোদন গ্রহণ করে নির্দেশক্রমে সভার নোটিশ ও অন্যান্য পত্রাদি প্রেরণ করবেন। পত্রের উপরে উপজেলার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-উপজেলা আইসিটি শাখা- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়-উপজেলা ও জেলার নাম লিখতে হবে এবং জেলার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা আইসিটি শাখা- জেলা প্রশাসকের কার্যালয়, সংশ্লিষ্ট জেলার নাম এবং স্বাক্ষরের স্থলে কর্মকর্তার নাম ও পদবী লিখতে হবে;

ঘ) আইসিটি সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন প্রস্তাবনা ও যোগাযোগের ক্ষেত্রে উপজেলা/জেলা পর্যায় থেকে উপরের স্তরে (যেমনঃ বিভাগীয় কমিশনারের কার্যালয়, মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর বিশেষতঃ আইসিটি অধিদপ্তরে) পত্রাদি প্রেরণের সময় উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকগণ স্বাক্ষর করবেন। তবে, শুধুমাত্র ডিডিও হিসেবে

প্রধান কার্যালয়ে পত্রাদি প্রেরণের ক্ষেত্রে নথিতে কর্তৃপক্ষের প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ সাপেক্ষে অনুচ্ছেদ-গ অনুযায়ী তৈরিকৃত প্যাডে স্বাক্ষরপূর্বক কর্মকর্তাগণ প্রধান কার্যালয় বা অন্যত্র পত্র প্রেরণ করবেন;

ঙ) উপজেলা পর্যায়ে কর্মরত সহকারী প্রোগ্রামারদের বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) উপজেলা নির্বাহী অফিসার মূল্যায়ন করবেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) তাতে প্রতিস্বাক্ষর করবেন । জেলা পর্যায়ে কর্মরত প্রোগ্রামারদের বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মূল্যায়ন করবেন এবং জেলা প্রশাসক তাতে প্রতিস্বাক্ষর করবেন । জেলা পর্যায়ে প্রোগ্রামারদের অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারিদের বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) জেলা পর্যায়ে কর্মরত প্রোগ্রামারগণ মূল্যায়ন করবেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) তাতে প্রতিস্বাক্ষর করবেন। উপজেলা পর্যায়ে সহকারী প্রোগ্রামারের অধীনস্থ কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) উপজেলা পর্যায়ে কর্মরত সহকারী প্রোগ্রামার মূল্যায়ন করবেন এবং উপজেলা নির্বাহী অফিসার তাতে প্রতিস্বাক্ষর করবেন। সকল বার্ষিক গোপনীয় অনুবেদন (ACR) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সংরক্ষণ করা হবে;

চ) উপজেলায়/জেলা আইসিটি সংশ্লিষ্ট সভা আয়োজনে উপজেলায়/জেলায় কর্মরত আইসিটি অধিদপ্তরের কর্মকর্তাগণ সাচিবিক দায়িত্ব পালন করবেন। উপজেলায়/জেলা আইসিটি সংশ্লিষ্ট সকল কার্যক্রমে আইসিটি বিভাগের কর্মকর্তাগণের সংশ্লিষ্টতা উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসকগণ নিশ্চিত করবেন;

ছ) এছাড়া আইসিটি অধিদপ্তরের কর্মকর্তাগণ স্থানীয় কর্তৃপক্ষের বিধিসম্মত নির্দেশে উপজেলা/ জেলা সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম পরিচালনা করবেন;

জ) প্রয়োজনীয়তার নিরিখে ভবিষ্যতে এ কর্মসম্পাদন পরিপত্রটি সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধনের সুযোগ রাখা হয়েছে।

২। এমতাবস্থায়, উপরিল্লিখিত কর্মসম্পাদন পরিপত্র বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২.১১

(কাজী মোহাম্মদ সেলিম)
উপসচিব
ফোন ৮১৮১৬৭৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩) সিনিয়র সচিব (সকল).................................................মন্ত্রণালয়/বিভাগ।
৪) সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)..................................................মন্ত্রণালয়/বিভাগ।
৫) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা (পরিপত্রটি সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
৬) বিভাগীয় কমিশনার (সকল)....................................বিভাগ।
৭) জেলা প্রশাসক (সকল)...............................................জেলা।
৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১০) সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১১) উপজেলা নির্বাহী অফিসার (সকল).....................................উপজেলা।